সমকাল

তারিখ ১১ JUN 2017
পৃষ্ঠা ৩ কলাম ৬

# কলেজের কাজের নামে বালু তুলে বিক্রি করলেন অধ্যক্ষ

■ কুষ্টিয়া প্রতিনিধি

কলেজের কাজ করার নামে নদী থেকে বিপুল পরিমাণ বালু তুলে স্থানীয় এমপিপুত্রের কাছে বিক্রি করে দিলেন কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার খলিশাকুণ্ডি কলেজের অধ্যক্ষ এমদাদুল হক। শনিবার সকাল থেকে কলেজমাঠ থেকে ট্রাকে করে ওই বালু এমপিপুত্রের ঠিকাদারি কাজের জায়গায় নিয়ে যাওয়া হয়।

জানা গেছে, কয়েক মাস আগে অধ্যক্ষ এমদাদুল হক কলেজে কাজ করার নাম করে স্থানীয় মাথাভাঙা নদী থেকে ড্রেজার দিয়ে কয়েক লাখ টাকার বিপুল পরিমাণ বালু উত্তোলন করে কলেজমাঠে রাখেন। দৌলতপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা মৌখিকভাবে এ বালু উত্তোলনের অনুমতি দেন বলে সূত্র জানায়। তবে এ বালু উত্তোলনের পর বেশ কয়েক মাস চলে গেলেও তা দিয়ে কলেজের কোনো কাজ করা হয়নি। অধ্যক্ষ এ বালু গোপনে নামমাত্র মূল্যে স্থানীয় এমপিপুত্রের কাছে কয়েকদিন আগে বিক্রি করে দেন। পরে গতকাল সকাল থেকে এমপিপুত্র ওই বালু ট্রাকে বোঝাই করে তার ঠিকাদারি কাজের জায়গায় নিয়ে যেতে শুরু করেন।

ওই কলেজের এক শিক্ষক জানান, কলেজের কাজ করার কথা বাহানা মাত্র। আসলে অধ্যক্ষ বিক্রি করার লক্ষ্যেই নদী থেকে অবৈধভাবে বিপুল পরিমাণ বালু উত্তোলন করেন। ওই শিক্ষক বলেন, কম করে হলেও আড়াইশ' ট্রাক বালু তোলা হয়েছে। দৌলতপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা ছুটিতে বাড়িতে থাকায় এ ব্যাপারে তার বক্তব্য নেওয়া সম্ভব হয়নি। কলেজের অধ্যক্ষ এমদাদুল হকের সঙ্গে মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তিনি বলেন, 'ভাই সামান্য বালু, এমপির ছেলেকে দিয়ে দিয়েছি, এ নিয়ে হৈচৈ করার দরকার নেই।' ঠিক কত টাকায় বালু বিক্রি করা হয়েছে– এ প্রশ্নের উত্তর দিতে রাজি হননি অধ্যক্ষ। অন্যদিকে এমপিপুত্র কলিন্স চৌধুরীর মোবাইল ফোনে একাধিকবার ফোন করা হলেও তিনি রিসিভি করেননি। এ ঘটনায় কলেজের সাধারণ শিক্ষক ও স্থানীয়দের মধ্যে ক্ষোভ দেখা দিলেও তারা মুখ খোলার সাহস পাচ্ছেন না।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............................
তারিখ...............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর